# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

**নির্বাহী প্রকৌশলীর দপ্তর**
বগুড়া পওর বিভাগ, বাপাউবো, বগুড়া
ফোন নং- অফিসঃ ০২৫৮৯৯০৪৫৫৮
ইমেইল ঃ ee.bogra@gmail.com

**Office of the Executive Engineer**
Bogura O&M Division, BWDB, Bogura
Phone: Off: 02589904558.
Email: ee.bogra@gmail.com

স্মারক নং ঃ-এস-৭/৮৪৩

তারিখ ঃ-২২/০১/২০২৩খ্রি.

## "সিলমোহর যুক্ত বন্ধ খামে নিলাম ডাকের বিজ্ঞপ্তি"

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থ বছরে নির্বাহী প্রকৌশলী, বগুড়া পওর বিভাগ, বাপাউবো, বগুড়ার অধীন, অফিস চত্বরে ঝড়ে পড়ে যাওয়া কিছু সংখ্যক গাছ বিক্রয় ও অপসারণের লক্ষ্যে নিলাম ডাক আহ্বান করা হচ্ছে। নিলাম ডাকের প্রয়োজনীয় তথ্যাদিসহ সিলমোহর যুক্ত বন্ধ খামে বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে দরপত্র ফরম গ্রহণের পর হতে আগামী ৩০/০১/২০২৩ খ্রি. তারিখ দুপুর ১.০০ঘটিকা সময় পর্যন্ত নির্বাহী প্রকৌশলী, বগুড়া পওর বিভাগ, বাপাউবো, বগুড়া অফিসে জমা প্রদান করার জন্য অনুরোধ করা হলো। উক্ত নিলাম ডাকের সিডিউল ফরম অত্র দপ্তরের প্রক্কলন শাখা হতে ১০০০ (এক হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট (হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, বগুড়া বরাবর) প্রদান করে সংগ্রহ করা যাবে।

উপরোক্ত নিলাম ডাকে অংশগ্রহণ করতে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানের প্রত্যেককে প্রদত্ত মূল্যের ২৫% টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট (হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, বগুড়া বরাবর) সিডিউল ফরমের সহিত সিলমোহর যুক্ত বন্ধ খামে জমা প্রদান করে নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে।

### মালামালের বিবরণ

| ক্রঃ নং | গাছের প্রজাতি | গাছের সংখ্যা | আনুমানিক কাঠ ( ঘনফুট) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | সেগুন | ১ | ৪৭.৭৪ |
| ২ | আম | ১ | ২২.৬৭ |
| ৩ | অর্জুন | ১ | ১৪.০৬ |
| ৪ | শিশু | ১ | ১৬.৮৭ |
| ৫ | মেহগিনি | ১ | ২৫.০০ |
| ৬ | নিম | ১ | ১.৭৫ |
| ৭ | শিমুল | ১ | ২৫.০০ |
| ৮ | কাঁঠাল | ১ | ৬.৯৩ |
| | মোট | ৮ | ১৬০.০২ |

### নিলাম ডাকের শর্তাবলী

১। (ক) প্রস্তাবিত দর নিলাম বিক্রি সিডিউলের নির্দিষ্ট জায়গায় পরিস্কার ভাবে অংক এবং কথায় উল্লেখ করতে হবে। লিখিত দর কাটাকাটি/অস্পষ্ট বা কাটাকাটির পর পুনঃরায় লিখে স্বাক্ষর না করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। যে কোন ধরনের কাটাকাটি সরল রেখায় কেটে পুনঃরায় স্বাক্ষর করতে হবে।

(খ) নিলাম দরপত্র সিডিউলের প্রতি পৃষ্ঠায় দরপত্র দাতাগণকে তারিখসহ স্বাক্ষর করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।এ ছাড়াও নিলাম সিডিউল, সিলমোহরকৃত খামের উপর দরদাতার স্বাক্ষর, নাম, বিস্তারিত ঠিকানা, টেলিফোন নম্বর/ মোবাইল নম্বর (যদি থাকে) ইত্যাদি পরিষ্কারভাবে লিখতে হবে। কোনও ত্রুটিপূর্ণ বা অসম্পূর্ণ নিলাম দরপত্র গ্রহনযোগ্য হবে না।

২। নিলাম ডাকে আগ্রহী প্রত্যেককে প্রদত্ত মূল্য এর ২৫% টাকা হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, বগুড়া, বরাবর পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট মাধ্যমে উক্ত সিলমোহর যুক্ত বন্ধ খামে প্রদান করতে হবে যা ফেরৎ যোগ্য।

৩। নিলাম ডাকে আগ্রহী প্রত্যেককে জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, ১ কপি পাসপোর্ট সাইজ ছবি, ট্রেড লাইসেন্স, TIN সার্টিফিকেট, VAT রেজিস্ট্রেশন সার্টিফিকেট সহ উক্ত বন্ধ খামে জমা দিয়ে ডাকে অংশগ্রহণ করতে হবে।

৪। সর্বোর্চ্চ নিলাম ডাককারীর দর অনুমোদন হওয়ার ৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে নিলাম ডাকের সমূদয় অর্থ আয়কর ( নিলাম ডাকের অর্থের ৫%) ও ভ্যাট (নিলাম ডাকের অর্থের ১৫%) সহ পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট মাধ্যমে হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, বগুড়া বরাবর জমা দিতে হবে।

৫। নিলাম ডাককারীর প্রদত্ত দর গ্রহণ বা বাতিল করার ক্ষমতা নিম্নস্বাক্ষরকারী সংরক্ষণ করবেন।

৬। নিলাম ডাকে অংশগ্রহণকারী যে ব্যক্তি/প্রতিষ্ঠান এর দাখিলকৃত দর প্রতিযোগীতামূলকভাবে চাহিদাকৃত সঠিক কাগজপত্রসহ সর্বোচ্চ পাওয়া যাবে এবং নিলাম অনুমোদনকারী কর্মকর্তা যে ব্যক্তি/প্রতিষ্ঠান এর দাখিলকৃত দর অনুমোদন করবেন তাকেই কার্যাদেশ প্রদান করা হবে।

৭। মালামাল সমূহ যেখানে যে অবস্থানে আছে সে অবস্থান হতে নিজ খরচে সরকারি বিধি মোতাবেক পরিবহন করে অন্যত্র নিয়ে যেতে হবে।

৮। মালামাল অপসারণ করার সময় যদি কোন প্রকার অবকাঠামোর ক্ষয়ক্ষতি সাধিত হয়, তা হলে তা নিজ খরচে ঠিক করে দিতে হবে।

৯। নিলাম ডাকে অংশগ্রহণকারীর ডাকে আগামী ৩০/০১/২০২৩ খ্রি. তারিখ দুপুর ১.০০ঘটিকা পর্যন্ত গ্রহণ করা হবে এবং আগামী ৩০/০১/২০২৩ খ্রি. তারিখ দুপুর ২.০০ঘটিকার সময় দরপত্র উন্মুক্ত করা হবে।

( মোঃ আরিফুল ইসলাম )
আইডি নং- ৮২০৫০৮০০১
নির্বাহী প্রকৌশলী
বগুড়া পওর বিভাগ
বাপাউবো, বগুড়া।

স্মারক নং ঃ-এস-৭/৮৪৩ তারিখ ঃ-২২/০১/২০২৩খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বগুড়া পওর সার্কেল, বাপাউবো, বগুড়া।
৩। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।(নিলাম বিজ্ঞপ্তি নং এস-৭/৮৪৩ তারিখঃ ২২/০১/২০২৩ খ্রিঃ বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৪। জেলা প্রশাসক, বগুড়া।
৫। পুলিশ সুপার, বগুড়া।
৬। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, বগুড়া।
৭। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, বগুড়া।
৮। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর।
৯। নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, বগুড়া।
১০। জেলা পরিবেশ কর্মকর্তা, বগুড়া।
১১। উপ-বন সংরক্ষণ ও বিভাগীয় বন কর্মকর্তা,সামাজিক বন বিভাগ, বগুড়া।
১২। উপ-বিভাগীয় প্রকৌশলী, বগুড়া পওর উপ-বিভাগ-১/২/সারিয়াকান্দি, বাপাউবো, বগুড়া।
১৩। সহকারী প্রকৌশলী, বগুড়া পওর বিভাগ, বাপাউবো, বগুড়া (বিজ্ঞপ্তিটি বগুড়া পানি উন্নয়ন বোর্ড এর ওয়েব পোর্টালে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বগুড়া সদর থানা, বগুড়া। (৩০/০১/২০২৩ খ্রি. তারিখে সকাল ৯.০০ ঘটিকা হতে দরপত্র উন্মুক্ত হওয়া পর্যন্ত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড , বগুড়া দপ্তরে আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণে প্রয়োজনীয় পুলিশ সদস্য মোতায়েনের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।)
১৫। প্রাক্কলনিক, বগুড়া পওর বিভাগ, বাপাউবো, বগুড়া।
১৬। দপ্তর কপি।

22/01/2023

নির্বাহী প্রকৌশলী
বগুড়া পওর বিভাগ
বাপাউবো, বগুড়া।